তারিখ ... 7 JUN 2017 ... পৃষ্ঠা ... ৩ ... কলাম ...

কালের কণ্ঠ

# পুরোপুরি আলাদা বিশ্ববিদ্যালয় ড্যাফোডিল

**দেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। এই বিশ্ববিদ্যালয় নিয়ে এবারের বিশেষ আয়োজন। লিখেছেন জামিল মাহমুদ। ছবি তুলেছেন সিজান আহমেদ**

২০০২ সালের ২৪ জানুয়ারি যাত্রা শুরু করেছিল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। প্রথম বছরে অনুষদ ছিল মাত্র দুটি, ছাত্র-ছাত্রী ছিল ৬৮ জন। এখন ধানমণ্ডি, আশুলিয়া ও উত্তরায় তিনটি ক্যাম্পাস আছে। প্রধান ক্যাম্পাসটি ঢাকার মিরপুর রোডের ধানমণ্ডির শুক্রাবাদে। শিক্ষক আছেন ৬০০ জন। সাভারের আশুলিয়ায় ১৫০ একরেরও বেশি জায়গার ওপর স্থায়ী ক্যাম্পাস আছে। তাতে শিক্ষা, প্রশাসনসহ অনেক ভবন আছে। সব ছাত্র-ছাত্রীর জন্য আবাসিক সুবিধাও আছে। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের দশম সেমিস্টারের ছাত্রী রেহনুমা ইসলাম বললেন, 'যেন তথ্য-প্রযুক্তিনির্ভর হয়ে উঠি, সে জন্য দ্বিতীয় সেমিস্টারেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের একটি করে ল্যাপটপ ফ্রি দেয়, কম্পিউটারাইজড ক্লাসরুমে ক্লাস হয়। স্যাররা সব সময় লেখাপড়ায় উৎসাহিত করেন। কোনো কিছু না বুঝলে আবার বোঝান।' বেশ কয়েক দিন আগে পাস করে গেলেও এখনো বিশ্ববিদ্যালয়ের কথা ভুলতে পারেননি হাসান যোবায়ের। তিনি বললেন, 'আমাদের সব নোটিশ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে থাকে। বেতন দেওয়া থেকে শুরু করে অ্যাসাইনমেন্ট জমা, পরীক্ষার ফলাফল প্রদান–সবই অনলাইনে করা যায়। 'ডিআইইউ স্মার্ট স্টুডেন্ট' নামের অ্যানড্রয়েট অ্যাপের মাধ্যমে শিক্ষার্থীরা নোটিশ, ক্লাস রুটিন চেক করতে পারে। পরীক্ষার ফলাফল জানতে পারে, টিউশন ফিও জানা যায়। তবে এই অ্যাপ ব্যবহার করতে হলে অবশ্যই বিশ্ববিদ্যালয় থেকে দেওয়া মেইল আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হয়। ভর্তি হলেই সব ছাত্র-ছাত্রীকে একটি মেইল অ্যাড্রেস দেওয়া হয়। 'স্টুডেন্ট পোর্টাল' নামের সাইটে গিয়ে লগইন করতে হয়। এরপর ড্যাশবোর্ড থেকে কোর্স রেজিস্ট্রেশন, কোর্স ফি, রেজাল্ট চেক করা, নিজের প্রফাইল আপডেট, শিক্ষকদের ফিডব্যাক দেওয়াসহ লেখাপড়াসংক্রান্ত সব কাজ ঘরে বসেই করা যায়। গুগল ক্লাসরুমে নিয়মিত প্রজেক্ট জমাদানসহ আরো অনেক কাজই করা যায়। এখন শিক্ষার্থীদের স্মার্টকার্ড দেওয়া হচ্ছে। স্মার্টকার্ডের মাধ্যমে তারা বিশ্ববিদ্যালয়ের কার পার্কিং, জিম, ক্যান্টিন, ফটোকপি, প্রিন্টিং সার্ভিস অনায়াসেই নিতে পারবে। তাদের বিশ্ববিদ্যালয়ে আসা-যাওয়া ট্র্যাকিং করা যাবে, লাইব্রেরি ম্যানেজমেন্ট করা যাবে, ড্যাফোডিল 'কিওসক' দিয়ে বিশ্ববিদ্যালয়ের বাসের টিকিটও কাটা যায়। আছে আরো অনেক সুবিধা। বিশ্ববিদ্যালয়ে ভর্তি, বেতন প্রদানসহ সব কাজই কম্পিউটারে করা হয়। বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট সার্ভিস প্রভাইডার (আইএসপি) সেটআপ আছে। ফলে সব ছাত্র-ছাত্রী বিনা খরচে ক্যাম্পাসে 'ওয়াই-ফাই' ব্যবহার করতে পারে, ইন্টারনেটসেবা পায়। তাদের লেখাপড়ায় উৎসাহিত করতে প্রতি সেমিস্টারে ফলাফলের ওপর ১০ থেকে ৫০ শতাংশ শিক্ষাবৃত্তি দেওয়া হয়। যারা ৩.৮০ সিজিপিএ পায়, তাদের ১০ শতাংশ, যারা ৪-এর ৪ সিজিপিএ পায় তাদের জন্য ৫০ শতাংশ বৃত্তি আছে। মুক্তিযোদ্ধার সন্তানদের শতভাগ বৃত্তি আছে। বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে শিক্ষাবিনিময় কার্যক্রম আছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের ঊর্ধ্বতন সহকারী পরিচালক আনোয়ার হাবিব কাজল বললেন, 'এখানে ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টার (সিডিসি) আছে। এটি তাদের পেশাগত পরামর্শ দেয়। কোথায় ইন্টার্নি করতে হবে সে পরামর্শ ও সহযোগিতা করে। চাকরির সিভি তৈরি থেকে শুরু করে সব সহযোগিতা করে।' স্টুডেন্ট অ্যাফেয়ার্সের (এসএ) পরিচালক সৈয়দ মিজানুর রহমান বলেন, 'আমরা ফাউন্ডেশন ডে-তে সমস্যা শুনে গ্রাম-মফস্বল থেকে আসা ছাত্র-ছাত্রীদের পরিবেশগত সমস্যার সমাধান করি, মানসিক সমস্যায় সাহায্য করি। পার্টটাইম চাকরি, টিউশনির ব্যবস্থা করি। তাদের মধ্যে মনোমালিন্য হলে মিটিয়ে দিই।' এইচএসসিতে 'গোল্ডেন জিপিএ' পাওয়া ছাত্র-ছাত্রীরা বিনা খরচে পড়তে পারে। একই পরিবারের সদস্যরা ভর্তি হলে মোট খরচের ওপর ৪০ শতাংশ ছাড় পায়। প্রতি সেমিস্টারে গড়ে ৩.৯ বা তার চেয়ে বেশি নম্বর পেলে অ্যাওয়ার্ড আছে।

## একনজরে ড্যাফোডিল

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) ছাত্র-ছাত্রীদের আন্তর্জাতিক মানের শিক্ষা দিতে চেষ্টা করে। সে জন্য আছে দুই শর বেশি শ্রেণিকক্ষ। এগুলোর পাঁচটি ডিজিটালাইজড। বিশ্ববিদ্যালয়ে মোট পাঁচটি অনুষদ আছে। বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, মাল্টিমিডিয়া টেকনোলজি অ্যান্ড ক্রিয়েটিভ আর্টস, পরিবেশবিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা পড়ানো হয়। বাণিজ্য ও অর্থনীতি অনুষদে বিবিএ, এন্ট্রারপ্রেনারশিপ, রিয়েল এস্টেট ও এমবিএ পড়ানো হয়। মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদে এলএলবি, ইংরেজি, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ আছে। প্রকৌশল অনুষদে ইলেকট্রনিকস অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ আছে। অ্যাপ্লাইড হেলথ সায়েন্সেস অনুষদে আছে–ফার্মাসি, নিউট্রিশন অ্যান্ড ফুড ইঞ্জিনিয়ারিং ও পাবলিক হেলথ। এই অনুষদের অধীনে লাইফ সায়েন্স, জেনেটিক অ্যান্ড বায়োটেকনোলজি ও মেডিক্যাল আল্ট্রা সাউন্ড বিভাগ খোলার প্রস্তাবনা ইউজিসিতে জমা দেওয়া আছে। তারা অনুমতি দিলেই বিভাগগুলো চালু হবে। ছাত্র-ছাত্রীদের জন্য চারটি হল আছে–ছাত্রীদের জন্য বেগম রোকেয়া ছাত্রীনিবাস, উত্তরা ইন্টারন্যাশনাল গার্লস হোস্টেল, ছাত্রদের জন্য প্রফেসর আমিনুল ইসলাম ছাত্রাবাস, ইউনূস খান স্কলারস গার্ডেন আছে। হোস্টেলগুলোতে চার বেডের জন্য ছয় হাজার, দুই বেডের জন্য ছয় হাজার ৫০০ টাকা লাগে। দুই-তিন বছরের পুরনোরা পাঁচ হাজার টাকায় থাকতে পারে। উত্তরা ইন্টারন্যাশনাল হোস্টেলের বাসিন্দা তাহমিনা আক্তার জুঁই বলেন, 'হোস্টেলে ২৪ ঘণ্টা নিরাপত্তাকর্মী আছে। পরিষ্কার-পরিচ্ছন্ন প্রতিটি ফ্লোর, সিঁড়িতে সিসি ক্যামেরা আছে। সন্ধ্যা ৬টার পর বাইরে বেরোনো যায় না। রাতে ঘুমানোর আগে খাতায় উপস্থিতি স্বাক্ষর দিতে হয়। বাড়ি গেলেও স্বাক্ষর করে যেতে হয়।'